

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ২২/০১/২০২৪ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

০১. জনাব মমতাজ বেগম	০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী
০২. জনাব জোহরা বেগম	০৮. জনাব মোঃ মতিয়ার রহমান
০৩. জনাব আসমা বেগম	০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা
০৪. জনাব মোঃ জসীম শেখ	১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ
০৫. জনাব মোঃ আলমগীর হোসেন	১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা
০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির	১২. জনাব মোঃ নুরুল ইসলাম মল্লিক

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জানুয়ারি/২০২৪ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

আলোচ্য সূচি-২:

২০২৩-২০২৪ অর্থবছরে ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল এর প্রথম কিস্তিতে ৫,১৯,৬০০/- টাকা এবং ২য় কিস্তিতে এর সমপরিমাণ অর্থ বরাদ্দ পাওয়া যাইবে। প্রতিটি ওয়ার্ড হইতে উন্মুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে উপস্থিত জনগণ তাদের চাহিদা মোতাবেক স্কিমের তালিকা ইউপি অফিসে জমা দেওয়ার পর যাচাই বাছাই করার জন্য স্ব-স্ব স্ট্যাডিং কমিটির নিকট প্রেরণ করা হয়। তারপর উক্ত কমিটি যাচাই বাছাই করিয়া চলতি অর্থ বছরে বাস্তবায়ন যোগ্য স্কিমের তালিকা পুনরায় ইউপি অফিসে জমা দিয়াছে। এখন উক্ত স্কিম গুলি অত্র সভায় অনুমোদন করিয়া চূড়ান্ত অনুমোদনের জন্য ব্লক গ্রান্ড কো-অর্ডিনেশন কমিটিতে (বিজিসি) প্রেরণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে স্ট্যাডিং কমিটির সুপারিশ অনুযায়ী যাচাই বাছাই সাপেক্ষে নিম্নলিখিত স্কিমগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা বিজিসি সভায় প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হইলো।

২০২৩-২০২৪ অর্থবছর

ক্রমিক নং	স্কিমের নাম	ওয়ার্ড নম্বর	আনুমানিক বরাদ্দ	মন্তব্য
০১	চরপুখুরিয়া বাবলু বিশ্বাসের বাড়ী হইতে মসজিদ পর্যন্ত রাস্তার ইন্টের সোলিং	০১	৭৫,০০০/-	১ম কিস্তি
০২	চর বহালবাড়িয়া বাধ হইতে গোরস্থান পর্যন্ত ইন্টের সোলিং	১,২,৩	৭৫,০০০/-	
০৩	গাজীখালী পিআইও ব্রিজ থেকে তহশীল অফিস অভিমুখী ইন্টের সোলিং	০৯	১,৬৯,৬০০/-	
০৪	কামারখালী উচ্চ বিদ্যালয় গেট থেকে মসজিদ পর্যন্ত রাস্তা এইচ.বি.বি.করণ	০৮	২,০০,০০০/-	
	মোট:		৫,১৯,৬০০/-	

আলোচ্য সূচি-৩:

ইউপি সদস্য জনাব মোঃ আশরাফ মোল্যা প্রস্তাব করেন যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রমের তেমন কোনো অগ্রগতি নেই। তখন সভাপতি সাহেব সভাকে জানান যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের ট্যাক্স আদায় কার্যক্রম করতে হবে। যেকোনো এনজিও বা সংস্থার মাধ্যমে আমাদের এই ট্যাক্স আদায় করতে হবে। তখন এ প্রস্তাবে সকলেই একমত পোষণ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে যে কোনো অগ্রহী যেকোনো এনজিও এর মাধ্যমে ট্যাক্স আদায় করিয়া ইউপি চেয়ারম্যান ও সদস্যদের ইউপি অংশের বকেয়া সম্মানী ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব আরও জানান যে, গয়েশপুর কছন্দী গ্রামের নদীভাঙ্গনের জন্য জনগনের কী অবস্থায় আছে। তখন সভায় ৩ নং ওয়ার্ডের সদস্য মোঃ ছরোয়ার ফকির বলেন যে, গয়েশপুর কছন্দী গ্রামের নদীভাঙ্গনের জন্য জনগনের অনেক ভোগান্তি হয়। তাই এ বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করা না হলে তাঁদের ভোগান্তির সীমা থাকবে না। তখন সভাপতি সাহেব জানান যে, গয়েশপুর কছন্দী গ্রামের নদীভাঙ্গনের জন্য আমাদের প্রতিরোধক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। তখন সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে গয়েশপুর কছন্দী গ্রামের নদীভাঙ্গনের জন্য প্রতিরোধক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি সকলকে আশ্বস্ত হন।

আলোচ্য সূচি-৫:

চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রথম কিস্তী হইতে পিআইসি এর মাধ্যমে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- টাকা (কথায়: দুই লক্ষ টাকা মাত্র) বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত টাকার বিপরীতে প্রকল্প বাছাই ও প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা জরুরী প্রয়োজন। তখন সভায় ইউপি সদস্য জনাব মোঃ সাজ্জেল ইসলাম প্রস্তাব করেন যে, কামারখালী ইউনিয়নের কামারখালী কলেজ মসজিদ থেকে রুহুল শেখের বাড়ী পর্যন্ত রাস্তার বিভিন্ন স্থানে ভেঙ্গে গিয়াছে। এমতাবস্থায় জনসাধারণ, ভ্যান ও মোটর সাইকেল যাতায়াত খুবই বাধাগ্রস্ত হচ্ছে। রাস্তাটি জরুরীভাবে সংস্কার করা প্রয়োজন। তখন বিস্তারিত আলোচনান্তে ইউপি সদস্য জনাব জহুরা বেগমের সমর্থনে উক্ত প্রকল্পটি ও ৭ সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হইলো।

প্রকল্পের নামঃ কামারখালী ইউনিয়নের কামারখালী কলেজ মসজিদ থেকে রুহুল শেখের বাড়ী পর্যন্ত এইচ.বি.বি রাস্তা সংস্কার করণ।
বরাদ্দঃ ২,০০,০০০/- টাকা।

পিআইসি

১। জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী	ইউপি চেয়ারম্যান	প্রকল্প সভাপতি
২। জনাব মিজানুর রহমান	গণ্যমান্য ব্যক্তি	প্রকল্প সেক্রেটারী
৩। জনাব রমেন দত্ত	মুক্তিযোদ্ধা	প্রকল্প সদস্য
৪। জনাব আছমা আক্তার	শিক্ষিকা	প্রকল্প সদস্য
৫। জনাব মিন্টু সেক	ভিডিপি	প্রকল্প সদস্য
৬। জনাব তফসিরুল ইসলাম	ইমাম	প্রকল্প সদস্য
৭। জনাব দাউদ সেক	গণ্যমান্য ব্যক্তি	প্রকল্প সদস্য

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ২২/০১/২০২৪ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।